

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

পিএসডি সার্কুলার নং : ০১ /২০১৬

১৪ ফেব্রুয়ারী ২০১৬  
তারিখ : -----  
০২ ফাল্গুন, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**ATM লেনদেন নিরাপদ ও ঝুঁকি মোকাবেলায় ব্যাংকসমূহের করণীয়।**

সম্প্রতি পরিলক্ষিত হয়েছে যে, কয়েকটি এটিএম বুথে কার্ড স্কিমিং ও পিন ক্যাচার ডিভাইস স্থাপন করে গ্রাহকের কার্ডের তথ্য ও পিন নম্বর সংগ্রহপূর্বক জালিয়াতির মাধ্যমে এটিএম বুথ থেকে গ্রাহকের টাকা উত্তোলন করা হয়েছে। উল্লেখ্য, ০৫ সেপ্টেম্বর ২০১৩ তারিখে জারিকৃত পিএসডি সার্কুলার নং-০৩/২০১৩ যথাযথভাবে পরিপালন, এটিএম বুথে স্থাপিত সিসিটিভি'র ফুটেজ নিয়মিতভাবে পর্যবেক্ষণ এবং এন্টি স্কিমিং ডিভাইস স্থাপন করা হলে এরূপ জালিয়াতি প্রতিরোধ করা সম্ভব ছিল মর্মে প্রতীয়মান হয়। এমতাবস্থায়, পিএসডি সার্কুলার নং-০৩/২০১৩ যথাযথভাবে পরিপালনপূর্বক নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছেঃ-

১. নতুনভাবে স্থাপিত এটিএম বুথসমূহে বাধ্যতামূলকভাবে এন্টি স্কিমিং ও পিন শিল্ড ডিভাইস থাকতে হবে। পূর্বে স্থাপিত বুথসমূহে একমাসের মধ্যে এন্টি স্কিমিং ও পিন শিল্ড ডিভাইস স্থাপন করতে হবে।
২. প্রতিদিন এটিএম বুথে সংগঠিত লেনদেনসমূহের ভিডিও ফুটেজ যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে এবং তাতে কোন সন্দেহজনক বিষয় দৃষ্ট হলে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩. ইতোমধ্যে গ্রাহকের কার্ডের তথ্য ও পিন নম্বর কোনক্রমে পাচার হয়ে থাকলে সংশ্লিষ্ট সময়ে এটিএম বুথে ব্যবহৃত কার্ডসমূহ চিহ্নিত করে নিজ ব্যাংকের কার্ডসমূহের ক্ষেত্রে গ্রাহককে অবহিত করে কার্ডটি বাতিল এবং যথাশীঘ্র গ্রাহককে নতুন কার্ড প্রদান করতে হবে। গ্রাহক অন্য ব্যাংকের হলে সংশ্লিষ্ট কার্ড প্রদানকারী ব্যাংককে তাৎক্ষণিকভাবে অবহিত করে একই ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করতে হবে। উক্ত ভিডিও ফুটেজ আইন প্রয়োগকারী সংস্থাকে অবহিতকরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করতে হবে।
৪. নিয়মিতভাবে দৈবচয়নের (Random Basis) ভিত্তিতে ব্যাংক কর্তৃক নিজস্ব এটিএম বুথসমূহ নিরীক্ষা করে নিরীক্ষা প্রতিবেদন মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের অত্র বিভাগে প্রেরণ করতে হবে।
৫. এটিএম বুথসমূহে নিয়োজিত গার্ডদের জাল/জালিয়াতি প্রতিরোধে করণীয় সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করতে হবে। এছাড়া টুপি, সানগ্লাস পরিধানকারী এবং ব্যাগ বহনকারী গ্রাহকদের ক্ষেত্রে গার্ড সতর্ক থাকবে।
৬. এটিএম বুথসমূহ হতে টাকা উত্তোলনের সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে গ্রাহককে মোবাইলে SMS এলাট প্রদানের মাধ্যমে লেনদেন সংক্রান্ত তথ্য প্রেরণ করতে হবে।

(মোঃ ইস্কান্দার মিয়া)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০১৭৪